দৈনিক ইত্তেফাক 4

তারিখ 04 MAR 1990
পৃষ্ঠা 72 কলাম 8

# শিক্ষা বিজ্ঞান ও প্রযুক্তি বিকাশে ইউনেস্কোর সহযোগিতার আশ্বাস

(ইত্তেফাক রিপোর্ট)

ইউনেস্কোর মহাপরিচালক ডঃ ফেডারিকো মাইওর জারাগোজা গতকাল (শনিবার) প্রেসিডেন্ট এরশাদের সহিত সাক্ষাৎকারকালে বাংলাদেশে শিক্ষা, বিজ্ঞান ও

(২য় পৃঃ ৩ঃ)

## ইউনেস্কোর আশ্বাস

(শেষ পৃঃ পর)

প্রযুক্তি বিকাশের ক্ষেত্রে গভীর আগ্রহ প্রদর্শন এবং এইসব বিষয়সহ উপকূলীয় এলাকায় গ্রীন হাউস প্রতিক্রিয়া; উপকূলীয় ব্যবস্থাপনা ও ঝড়ের পূর্বাভাস প্রভৃতি ক্ষেত্রে সমীক্ষা চালানোর জন্য তাহার সংস্থা সহযোগিতার আশ্বাস দিয়াছেন। দুইদিনের সফর শেষে ব্যাঙ্কেরপথে ঢাকা ত্যাগের প্রাক্কালে এক সাংবাদিক সম্মেলনে তিনি সার্বজনীন শিক্ষা ও নাগরিক স্বাধীনতার লক্ষ্যে বুদ্ধিজীবীদের "জনগণের পাশে আসিয়া" সক্রিয় ভূমিক পালনের আহ্বান জানাইয়াছেন। ডঃ জারাগোজা প্রধানমন্ত্রী কাজী জাফর এবং শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলামের সঙ্গেও সাক্ষাৎ ও বুদ্ধিজীবীদের সমাবেশে বক্তব্য রাখেন। ঢাকাস্থ জাতিসংঘ সংস্থার বৈঠকে যোগদান ছাড়াও তিনি ইউনেস্কোর কর্মধারা সম্পর্কে আলোচনা করেন। তিনি জানান, তাহার আলোচনা খুবই ফলপ্রসূ হইয়াছে। জাতীয় যাদুঘর পরিদর্শন কালে ইউনেস্কো প্রধান ৬ খন্ডে বাংলাদেশের সাংস্কৃতিক ঐতিহ্যের প্রামাণ্য গ্রন্থ প্রকাশের উদ্যোগে সহায়তা প্রদানের আশ্বাস দেন। তিনি জানান, মতপার্থক্যের কারণে নয়া আন্তর্জাতিক তথ্য ব্যবস্থা এখনও বাস্তবায়িত হয় নাই। তবে দেশসমূহের মতপার্থক্য কমিয়া আসিতেছে।

সাংবাদিক সম্মেলনে ও বুদ্ধিজীবী সমাবেশে ডঃ জারাগোজা নাগরিকের রাজনৈতিক স্বাধীনতাকে অন্যতম মৌল অধিকার হিসাবে উল্লেখ করিয়া বলেন, রাষ্ট্র পরিচালনায় জনগণের অংশগ্রহণ সকল উন্নয়নের মৌলশর্ত।

বাসস জানায়, ডঃ জারাগোজা প্রেসিডেন্ট এরশাদের সহিত সাক্ষাৎকারকালে আরও বলেন, বাংলাদেশে ইউনেস্কোর কর্মকাণ্ডের সমন্বয় সাধনের জন্য শীঘ্রই এখানে একজন কারিগরি বিশেষজ্ঞ নিয়োগ করা হইবে।

প্রেসিডেন্ট এরশাদ পথকলি ট্রাষ্ট সম্পর্কে জনগণের আগ্রহ, প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলক করাসহ তাঁহার সরকারের বিভিন্ন জনহিতকর কর্মকাণ্ডের কথা ইউনেস্কো মহাপরিচালককে জানান।